

যুগান্তর

প্রিন্ট: ২১ এপ্রিল ২০২৬, ০১:৪২ পিএম

সারাদেশ

মাদ্রাসায় মোবাইল ব্যবহারের দাবিতে ক্লাশরুমে শিক্ষার্থীদের তালা

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৯ এপ্রিল ২০২৬, ১০:৫৮ পিএম



গাজীপুরের টঙ্গীতে একটি কওমি মাদ্রাসায় দাওরা হাদিস বিভাগের শিক্ষার্থীরা মোবাইল ফোন ব্যবহারের দাবিতে ক্লাসরুমে তালা দিয়ে আন্দোলন করায় ১৩ জনকে স্থায়ীভাবে বহিষ্কার করেছে কর্তৃপক্ষ। ওই বিভাগে ১৭ জন শিক্ষার্থীর মধ্যে ৪ জন আগেই চলে যাওয়ায় বিভাগটি শিক্ষার্থী শূন্য হয়ে গেছে।

রোববার (১৯ এপ্রিল) দুপুরে টঙ্গী পূর্ব থানাধীন পূর্ব আরিচপুর এলাকার জামিয়া নুরিয়া ইসলামিয়া মাদরাসায় এই ঘটনা ঘটে।

সূত্র জানায়, মাদ্রাসায় মোবাইল ফোন ব্যবহারের দাবিতে দাওরা হাদিস বিভাগের শিক্ষার্থীরা আন্দোলন করে আসছিল।

কর্তৃপক্ষ তাদের দাবি পূরণ না করায় ক্লাসরুমে তালা লাগিয়ে বিক্ষোভ করে শিক্ষার্থীরা। এ ঘটনায় ওস্তাদের সঙ্গে বেয়াদবি ও শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ এনে মাদ্রাসার দাওরা হাদিস বিভাগের ১৩ জন শিক্ষার্থীকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়।

জামিয়া নুরিয়া ইসলামিয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা জাকির হোসেন সংবাদমাধ্যমকে বলেন, গতকাল শনিবার (১৮ এপ্রিল) সকালে প্রতিষ্ঠানের দাওরা হাদিস শাখার শিক্ষার্থীরা বিভিন্ন অনৈতিক দাবিতে ওস্তাদদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করে। কওমি মাদ্রাসার প্রচলিত নীতিমালায় মোবাইল ব্যবহারে কঠোর বিধিনিষেধ থাকায় তাদের দাবি অনৈতিক ও শৃঙ্খলাভঙ্গ হিসেবে বিবেচিত হয়।

পরবর্তীতে সন্ধ্যার দিকে তারা মাদ্রাসার দ্বিতীয় তলায় দাওরা হাদিস বিভাগের ক্লাসরুমে তালা লাগিয়ে মাদ্রাসা ত্যাগ করে, যা প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলার পরিপন্থী।

জাকির হোসেন আরও বলেন, এ ঘটনার পর মাদ্রাসার সিনিয়র শিক্ষক ও পরিচালনা কমিটির সদস্যরা রোববার দুপুরে জরুরি বৈঠক করেন। বৈঠকে সর্বসম্মতিক্রমে দাওরা হাদিস বিভাগের ১৩ জন শিক্ষার্থীকে স্থায়ীভাবে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়।